22 MAY 2016

তারিখ ........ 2016 ......

পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

সমকাল

# আজকের এইচএসসি পরীক্ষা পিছিয়ে শুক্রবার

■ সমকাল প্রতিবেদক

উপকূলীয় এলাকায় ঝড় ও দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে আজ রোববারের অনুষ্ঠেয় এইচএসসি ও সমমানের সব পরীক্ষা পেছানো হয়েছে। এই দিনের পরীক্ষা আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক) অদ্বৈত কুমার সরকার এ তথ্য জানান।

ঢাকা বোর্ডের সূত্র জানায়, মূলত ঘূর্ণিঝড় 'রোয়ানু'র কারণে দেশের উপকূলীয় এলাকা ক্ষতিগ্রস্ত হওয়ার কারণেই আজকের এইচএসসি ও সমমানের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে।

এইচএসসিতে আজ সকাল ১০টায় অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এবং বিকেলে রসায়ন বিজ্ঞান দ্বিতীয়পত্র ও ইসলামী ইতিহাস দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। রোববারের সকালের পরীক্ষা শুক্রবার সকাল ৯টা থেকে এবং বিকেলের পরীক্ষা একই দিন দুপুর আড়াইটা থেকে শুরু হবে।

এ ছাড়া মাদ্রাসা বোর্ডের আজকের বিকেলের পরীক্ষা ২৪ মে দুপুর ২টা থেকে অনুষ্ঠিত হবে। এদিন মাদ্রাসা বোর্ডের অধীন রসায়ন প্রথম পত্র (তত্ত্বীয়), অর্থনীতি প্রথম পত্র (অতিরিক্ত বিষয়), পৌরনীতি প্রথম পত্র (অতিরিক্ত বিষয়), পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র (অতিরিক্ত বিষয়), উচ্চতর ইংরেজি প্রথম পত্র (অতিরিক্ত বিষয়), উর্দু প্রথম পত্র (অতিরিক্ত বিষয়) এবং ফার্সি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে এইদিন কারিগরি শিক্ষা বোর্ডের কোনো পরীক্ষা নেই।